## Department of Bengali

### Programme specific Outcome :

**PSO1 :** এই কোর্সটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা এমন ভাবে তৈরি করেছে যেটা বাংলা সাহিত্যের ইতিহাসে দশম থেকে বিংশ শতাব্দি পর্যন্ত বিকাশের ধারাবাহিকতা তুলে ধরতে সহায়তা করবে । বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রীরা বাংলা সাহিত্যের ইতিহাস জানতে পারবে । সমাজ-সাহিত্য-ভাষা, মানবিকী বিদ্যাচর্চা, ইতিহাস ও পরিবেশ-প্রকৃতি, অর্থ-সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক পরিবেশ পর্যালোচনা ও পরিবর্তনে সাহিত্যের ভূমিকা জানতে পারবে । শুধু তাই নয়, বাংলা সাহিত্যের ছাত্র-ছাত্রীদের যোগাযোগের দক্ষতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে জটিল কোনো সমস্যা বিষয়ে যুক্তি ও বিশ্লেষণের মধ্য দিয়ে সমস্যা সমাধানের বিষয়ে যথেষ্ট জ্ঞান লাভ করে, যা জীবনব্যাপী নৈতিক শিক্ষাদানের অঙ্গ হিসাবে কাজ করে ।

বাংলা সাহিত্য পড়াতে ও শিখনে চর্যাপদ থেকে শুরু করে মধ্যযুগীয় সাহিত্য হয়ে আধুনিক যুগের বাংলা সাহিত্যের উদ্ভব ও ক্রমবিকাশে বিশেষভাবে লক্ষ্য নির্দেশ করা হয়েছে ।

**PSO2 :** এই বাংলা অনার্স কোর্সটি সাহিত্যের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ আকর্ষনীয় ও কর্মমুখী পেশা নির্বাচনের ক্ষেত্রে বেশ কিছু দিকনির্দেশ করে । পাশাপাশি শিক্ষর্থীদের উচ্চশিক্ষা লাভ করার ক্ষেত্রে যেমন- বাংলা বিষয়ে স্নাতোকোত্তর ডিগ্রি লাভ, গবেষণা কর্ম করার পাশাপাশি তুলনামূলক সাহিত্য পাঠ, সাংবাদিকতা, ভাষাতত্ত্ব ভিভিন্ন অভিকরণ শিল্প বেশ কয়েকটি বিষয়ে উচ্চশিক্ষা লাভের সুযোগ করে দেয় ।

**PSO3:** এই কোর্সটি শেষে শিক্ষার্থী বিভিন্ন কর্ম সংযোগের সুযোগ লাভ করে । যেমন- শিক্ষকতা, সাংবাদিকতা, অভিনয়, পশ্চিমবঙ্গ সরকার ও ভারত সরকারের বিভিন্ন বিভাগে প্রতিযোগিতামূলক পরীক্ষার মধ্য দিয়ে নিজেকে কাজের সঙ্গে যুক্ত করার সুযোগ লাভ করে ।

**PSO4:** এই কোর্সটি শেষে শিক্ষার্থী ভিন্ন মতাবলম্বী মানুষের আলোচনা-সমালোচনা শোনার পর সেইসব মানুশের চিন্তা-ভাবনাগুলি সঠিক কি না, তা নিজস্ব চিন্তাধারার মধ্যদিয়ে বিচার-বিশ্লেষণ করে সমাজকে সঠিক পথে চলার সিদ্ধান্ত জানাতে পারবে । এমনকি ভিন্ন মতাবলম্বী মানুষের মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করতে পরবে ।

**PSO5:** বাংলা অনার্স কোর্সটির পাঠ শেষ করে শিক্ষার্থী মানুষের সঙ্গে খুব সহজে ও সাবলীল ভাবে যোগাযোগ স্থাপন করে মানুষকে আপন করে নিতে পারবে । কেননা, এই কোর্স করার সঙ্গে সঙ্গে শিক্ষার্থী স্পষ্ট ভাবে কথা বলতে, পড়তে, লিখতে পারবে । এমনকি, সামাজিক সমস্যাগুলিকে উন্নত বিজ্ঞান-প্রযুক্তির যুগে সমাজিক যোগাযোগের মাধ্যমগুলিতে দ্রুত প্রচার করে সেই সমস্যা সমাধানের পথ দেখাতে পারবে ।

**PSO6:** বাংলা অনার্স কোর্সটি করে একজন শিক্ষার্থী একজন দায়িত্বশীল নাগরিক হয়ে উঠতে পারবে । সামাজিক উন্নয়ন, উন্নত শিক্ষা, স্বাস্থ্য ও সুস্থ সংস্কৃতির মধ্যদিয়ে সমাজ পরিবর্তনের ভুমিকা পালন করতে পারবে ।

**PSO7:** মানুষের সুস্থভাবে বেঁচে থাকার জন্য যে সুস্থ-স্বভাবিক পরিবেশ ও জলবায়ুর প্রয়োজন, সামাজিক মেলবন্ধন দরকার তার উন্নয়ন করতে পারবে ।

**PSO8 :** দেশ ও জাতির কাজে স্বধীনভাবে জড়িত থেকে ক্ষমতা অর্জন করে স্বচ্ছভাবে পরিচালনা করে আর্থ-সামাজিক, রজনৈতিক পরিবর্তন সাধনে অংশগ্রহণ করতে পারবে । বাংলা সাহিত্যের মূল বিষয়গুলি সঠিক ভাবে উপলব্ধি করার পর উদার মানসিকতা গঠন করে সামাজিক বিপ্লবের মাধ্যমে জাতীয় ও আঞ্চলিক সংস্কৃতি, ভাষা, সাহিত্য ও ঐতিহ্যকে ধরে রাখার ধারণা প্রদান করতে পারবে ।

Co-ordinator
IQAC
NBS Mahavidyalaya, Jalgaon

HEAD
Department of Bengali
N.B.S. Mahavidyalaya
Jalgaon, Alipurduar (W.B.)

* বাংলা শিশুসাহিত্যিকদের মধ্যে উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, লীলা মজুমদার, সঞ্জীব চট্টোপাধ্যায় সম্পর্কে জানতে পারে ।
* ভ্রমণ সাহিত্য সম্পর্কে সাধারণ জ্ঞান লাভ করে ।
* ভ্রমণ সাহিত্য কিভাবে রচনা কটে সে সম্বন্ধে ধারণা লাভ করে ।
* বাংলায় ভ্রমণ সাহিত্যের উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে শিক্ষার্থী জানতে পারে ।
* ভ্রমণ কাহিনি ও ভ্রমণ সাহিত্যের মধ্যে পার্থক্য বুঝতে পারে ।
* বাংলা ভাষার ভ্রমণ সাহিত্যিকদের সম্পর্কে জানতে পারে ।
* সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়, সৈয়দ মুজতবা আলি, কালকুট প্রমুখের রচনা সম্পর্কে জানতে পারে ।

Co-ordinator
IQAC
NBS Mahavidyalaya, Jalgaon

HEAD
Department of Bengali
N.B.S. Mahavidyalaya
Jalgaon, Alipurduar (W.B.)